

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
ফ্যাক্স : ০৫২১-৫১৮৪৪, E-mail : ddrangpur@yahoo.com


স্মারক নং মাউশিরং/২০১৬/৭ ৪৭

তারিখ: ১৫.০৩.২০১৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সৃজনশীল মেধা অন্বেষণ রংপুর বিভাগীয় শহর এলাকার (সিটি কর্পোরেশন এলাকা) কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিযোগিতা আগামী ২২.০৩.২০১৬ খ্রি. ও ২৩.০৩.২০১৬খ্রি. রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

১.	ভেন্যু	রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর
২.	তারিখ	২২.০৩.২০১৬-প্রাথমিক বাছাই ২৩.০৩.২০১৬-চূড়ান্ত বাছাই ও সমাপনী অনুষ্ঠান (৩.৩০মি.)
৩.	প্রতিযোগিতার বিষয়	ভাষা ও সাহিত্য : সকাল ১০.০০ (বাংলা রচনা ৩০মিনিট+ ইংরেজি রচনা ৩০ মিনিট= ১ঘণ্টা) দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান : ১১.১৫ (MCQ=১০মিনিট+ রচনা ৩০মিনিট = ৪০ মিনিট) গণিত ও কম্পিউটার : ১২.০০ (৪৫ মিনিট) বাংলাদেশ স্ট্যাডিজ ও মুক্তিযুদ্ধ : ১.০০ (৫০মিনিট) একজন প্রতিযোগীর একাধিক বিষয়ের ক্ষেত্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর মৌখিক ও অন্যান্য পরীক্ষা বিচারকগণ সমন্বয় করবেন।
৪.	প্রশ্নপত্র	প্রশ্নপত্রে সার্বজনীন বিষয়, যেমন- জাতীয় দিবস, বরণ্য ব্যক্তিত্ব, জাতীয় সমস্যা, জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় ইত্যাদি এবং গণিত ও বিজ্ঞানে শ্রেণি মান অনুযায়ী প্রশ্ন অন্তর্ভুক্ত থাকবে, যেন সব শ্রেণির শিক্ষার্থী প্রশ্নের উত্তর প্রদান করতে সক্ষম হয়।
৫.	প্রতিযোগী প্রেরণ	প্রতিষ্ঠানসমূহ অভ্যন্তরীণ প্রতিযোগিতার আয়োজন করে প্রতিটি গ্রুপে ও বিষয়ে কেবল প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী (সর্বোচ্চ ৩জন) প্রতিযোগীকে রংপুর মহানগর পর্যায়ে প্রেরণ করবেন। দাপ্তরিক পত্রের মাধ্যমে বিশেষ বাহক মারফত নির্ধারিত আবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ২০.০৩.২০১৬ বিকাল ৪ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে। ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল করা হবে। প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া কোন আবেদন গ্রহণ করা হবে না।


১৫.৩.২০১৬
মোঃ মোস্তাক হাবিব
উপপরিচালক(ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর (বিভাগীয় শহর এলাকা/সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর (বিভাগীয় শহর এলাকা/সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধ করা হলো)।
৪. অধ্যক্ষ,
৫. প্রধান শিক্ষক/শিক্ষিকা
৬. জনাব
৭. সংরক্ষণ নথি।